যুগান্তর

তারিখ 16 DEC 2006
পৃষ্ঠা 2 কলাম 8

# বিদেশে উচ্চশিক্ষায় আগ্রহীদের সহায়তায় সংগঠন গঠিত

অস্ট্রেলিয়া, আমেরিকা, কানাডাসহ ইউরোপের বিভিন্ন দেশে উচ্চশিক্ষা গ্রহণে গমনকারী শিক্ষার্থীদের বিদেশের মাটিতে সহযোগিতা ও পরামর্শ দেয়ার লক্ষ্যে বাংলাদেশ শিক্ষা উন্নয়ন পরিবার নামে একটি সংগঠন গঠন করা হয়েছে। ইউরোপ-আমেরিকায় বসবাসরত শিক্ষার্থী ও প্রবাসীদের সমন্বয়ে গঠিত হয়েছে এই সংগঠন। সম্প্রতি গঠিত সংগঠনের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন হাবিবুর রহমান বীরউত্তম ও মহাসচিব সোহেল আহমেদ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র নিয়াম মাখদুম মাসুম বিল্লাহকে সংগঠনের বাংলাদেশের প্রেস সচিব নিযুক্ত করা হয়। অন্য সদস্যরা হলেন— নিজাম উদ্দিন, সুনিয়া আক্তার, খোরশেদ আলম, ম্যানন্সি (অস্ট্রেলিয়া), আসমা আক্তার (আমেরিকা), শাহাদত হোসেন (লন্ডন)। যোগাযোগের ঠিকানা ০১৭১১-৮১১৯১১, ০১৭১৮-৭৩৩২৮০, ০০৬১৪২৪৫১১২৩৪ (অস্ট্রেলিয়া)। সংবাদ বিজ্ঞপ্তি।